"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

অতিব জরুরি
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০২২.৩৪.০০১.২০- ৩৭

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ হতে ওমরায় গমনেচ্ছুকদের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ হতে ওমরায় গমনেচ্ছুকদের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

২৭.০১.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

বিতরণ:

১. স্বত্বাধিকার/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার -- (সকল এজেন্সি)
২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা (সংযুক্ত পত্রটি সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নং- ১৬.০০.০০০০.০২২.৩৪.০০১.২০- ৩৭

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানায়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mora.gov.bd তে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬. অফিস কপি

২৭.০১.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ্জ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০২১.৪২

তারিখ: ২৩ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

বিষয়: **বাংলাদেশ হতে ওমরায় আগতব্যদের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের অনুরোধ।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪৪৩ (২০২২ খ্রিঃ) হিজরি সনের হজ পরবর্তী সময়ে পবিত্র ওমরা পালনের জন্য বাংলাদেশ হতে অতীতের যে কোন সময়ের তুলনায় অধিক সংখ্যক মুসলিম সৌদি আরব আগমনের সুযোগ পাচ্ছেন। বিশ্বের অন্যান্য মুসলিম দেশ হতেও বর্ধিত হারে ওমরাহযাত্রী আগমন করছেন। ফলে মক্কাস্থ হারাম এলাকা এবং হারাম সংলগ্ন এলাকাসমূহ সম্প্রতি অত্যন্ত জনাকীর্ণ হয়ে পড়েছে। বিপুল সংখ্যক ওমরাহযাত্রী এবং তাদের পরিবহনকারী যানবাহনের সমাগমে হারাম এলাকায় চলাচল অত্যন্ত কষ্টসাধ্য এবং সময় সাপেক্ষ হয়ে পড়েছে। বিশেষ করে প্রথমবার সৌদি আরবে আগত ওমরাযাত্রীগণ অধিকতর সমস্যার সম্মুখীন হচ্ছেন। ১৪৪৩ হজ পরবর্তী বিগত কয়েক মাসে ১২৩ জন বাংলাদেশী ওমরাযাত্রী মৃত্যুবরণ করেছেন এবং অসংখ্য ওমরাযাত্রী হারিয়ে যাওয়া বা নিখোঁজ হওয়ার মত ঘটনা ঘটেছে। হারিয়ে যাওয়ার কারণ অনুসন্ধান করে দেখা যায়, ওমরাযাত্রীগণ গাইডের নিয়ন্ত্রণে গ্রুপে চলাচল না করে একাই চলাচলের চেষ্টা করায় এরূপ ঘটনা ঘটেছে। ওমরাযাত্রীগণ হোটেল থেকে বের হয়ে যাওয়ার সময় অনেকক্ষেত্রেই নিজস্ব পাসপোর্ট সাথে রাখছেন না। তাছাড়া আবাসিক হোটেলের বা ওমরা কোম্পানীর কোন তথ্য সাথে না নিয়েই অনেক সময় হোটেল থেকে একাকি বেড়িয়ে পড়ছেন এবং হোটেলে ফেরত না যেতে পেড়ে হারিয়ে যাচ্ছেন। এরূপে হারিয়ে যাওয়া ওমরাযাত্রীগণকে খুঁজে পাওয়া যেমন দুরুহ তেমনি হারানো ব্যক্তির কেউ সাক্ষাৎ পেলেও তাকে তার হোটেলে পৌঁছে দেওয়াও কঠিন। এরূপে হারিয়ে যাওয়া ব্যক্তিগণকে অনুসন্ধানের জন্য অনেকক্ষেত্রেই স্থানীয় সকল থানায়, স্থানীয় সকল হাসপাতালে এবং অন্যান্য সম্ভাব্য স্থানসমূহে ভ্রমণ করা প্রয়োজন হয়ে পড়ছে। জেদ্দা হতে মক্কা ও মদিনায় গমন করে স্বল্পসংখ্যক জনবল এবং সীমিত জ্বালানী দিয়ে এরূপ কার্যক্রম পরিচালনা করা দুরুহ হয়ে পড়ছে। হারিয়ে যাওয়া ওমরাযাত্রীগণের অভিভাবক, নিকটাত্মীয় ও পরিচিতজন এ কার্যালয়কে হারানো ব্যক্তির অনুসন্ধানের জন্য নানারূপে চাপ সৃষ্টি করছেন এবং কোন কোন ক্ষেত্রে খুঁজে না পাওয়ার কারণে এ অফিসকে দায়ী করছেন। উল্লেখ্য যে, বছরব্যাপী এরূপ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক অনুবাদক এবং পর্যাপ্ত জ্বালানী বরাদ্দ নেই। তাছাড়া বাংলাদেশ হতে আগত ওমরা হজ্জযাত্রীগণের ওমরা পালনের সামগ্রিক কার্যক্রমে এ অফিসকে সরাসরি সম্পৃক্ত রাখা হয় না, ওমরাযাত্রী সংক্রান্ত কোন তথ্য এ অফিসকে দেয়া হয় না এবং ওমরাযাত্রীর বাংলাদেশী এজেন্সি ও সৌদি আরবের এজেন্সির কোন তথ্য এ অফিসকে জানানো হয় না। ফলে হারিয়ে যাওয়া ওমরাযাত্রী সম্বন্ধে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ অসম্ভব হয়ে পড়ে।

বাংলাদেশ হতে আগত ওমরাযাত্রীগণের বিভিন্ন সেবা সংক্রান্ত বিষয়সমূহ পর্যবেক্ষণ এবং সেবা নিশ্চিতকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণের স্বার্থে ওমরাযাত্রী সংক্রান্ত সকল তথ্য এ অফিসকে সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে বিভিন্ন সময়ে পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া হারিয়ে যাওয়া প্রতিরোধকল্পে যাত্রীগণের ব্যাপক সচেতনতা বৃদ্ধিতে নানা তথ্য প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েও পত্র প্রেরণ করা হয়েছে। বছরব্যাপী ওমরাযাত্রী হারিয়ে যাওয়া প্রতিরোধকল্পে নানা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচার কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। একইসাথে হারানো ওমরাযাত্রীর বিষয়ে কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে এ অফিসে প্রয়োজনীয় জনবল এবং জ্বালানী খাতে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন।

ওমরাযাত্রীদের হারিয়ে যাওয়ার সংখ্যা কমানোর লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ নিশ্চিত করা যেতে পারে বা সচেতনতা বৃদ্ধিকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

(১) ওমরাযাত্রীদের গ্রুপভিত্তিক সৌদি আরবে প্রেরণ।
(২) সৌদি আরবের মক্কা, মদিনার রাস্তাঘাট চিনেন এবং আরবী ভাষা বুঝেন এরূপ গাইড সংগে থাকতে হবে।
(৩) সৌদি আরবে আগমনের পর হজ্জযাত্রীদের স্থায়ী ঠিকানা, জরুরী যোগাযোগের মোবাইল নম্বর, মক্কা, মদিনায় আবাসিক হোটেলের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, মক্কা ও মদিনায় ওমরা এজেন্সীর প্রতিনিধির নাম ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখিত ছবিসহ আইডি কার্ড আবশ্যিকভাবে সার্বক্ষণিক সংগে রাখতে হবে।

(৪) পাসপোর্ট সাবধানতার সাথে সংরক্ষণ করতে হবে। কোন কারণে পাসপোর্ট হারিয়ে গেলে সংগে সংগে বাংলাদেশ হজ্জ অফিসে যোগাযোগ করতে হবে এবং এক্ষেত্রে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা হতে Travel Permit গ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র এবং ১০৫ সৌদি রিয়াল ফি প্রদান করতে হবে:

ক) ওমরাযাত্রীর পাসপোর্ট ও ভিসার ফটোকপি,

খ) পাসপোর্ট হারানো সংক্রান্ত সৌদি ওমরা কোম্পানীর লিখিত পত্র,

গ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।

(৫) কোন ওমরাযাত্রী মৃত্যুবরণ করলে মক্কা/মদিনা/জেদ্দায় দাফনের অনাপত্তি পত্রের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ বাংলাদেশ হজ্জ অফিসে সরাসরি যোগাযোগ কিংবা ই-মেইল (missionhajj@gmail.com) / WhatsApp (+966504321526, +966504321527 / +966503570580) এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

ক্রমিক	বিবরণ
১.	মৃত ব্যক্তির পাসপোর্টের ফটোকপি (ভিসার পৃষ্ঠাসহ)।
২.	স্থানীয় ওমরা এজেন্সীর পত্র।
৩.	হাসপাতাল হতে ডেথ রিপোর্ট।
৪.	পুলিশের রিপোর্ট।
৫.	স্থানীয়ভাবে দাফনের জন্য মৃত ব্যক্তির ওয়ারিশদের মতামত যা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত।
৬.	মৃত ব্যক্তির ওয়ারিশগণ সাথে থাকলে তাদের পাসপোর্ট/ইকামার ফটোকপি ও আবেদন পত্র।
৭.	মৃতদেহ গ্রহণকারীর আইডি/পাসপোর্টের ফটোকপি।

(৬) কোন ওমরাযাত্রী মৃত্যুবরণ করলে উক্ত মৃতদেহ দেশে ফেরত নিতে চাইলে নিম্নবর্ণিত কাগজপত্রসহ বাংলাদেশ হজ্জ অফিসে সরাসরি যোগাযোগ কিংবা ই-মেইল (missionhajj@gmail.com) / WhatsApp (+966504321526, +966504321527 / +966503570580) এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

ক্রমিক	বিবরণ
১.	মৃত ব্যক্তির পাসপোর্টের ফটোকপি (ভিসার পৃষ্ঠাসহ)।
২.	স্থানীয় ওমরা এজেন্সীর পত্র।
৩.	হাসপাতাল হতে ডেথ রিপোর্ট।
৪.	পুলিশের রিপোর্ট।
৫.	লাশ বাংলাদেশে নিয়ে যাওয়ার জন্য মৃত ব্যক্তির ওয়ারিশদের মতামত যা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত।
৬.	মৃত ব্যক্তির ওয়ারিশগণ সাথে থাকলে তাদের পাসপোর্ট/ইকামার ফটোকপি ও আবেদন পত্র।
৭.	লাশ পরিবহনের জন্য কার্গো বুকিং দিয়ে এয়ার ওয়েজ বিলের কপি।
৮.	সৌদি আরবে বসবাসকারী একজন ব্যক্তিকে এ কাজের জন্য প্রতিনিধি মনোনয়ন।
৯.	বাংলাদেশে মৃতদেহ গ্রহণকারীর নাম ও টেলিফোন নম্বর।

এমতাবস্থায়, বাংলাদেশ হতে ওমরা পালনের উদ্দেশ্যে সৌদি আরবে আগতব্য ওমরাযাত্রীদের উপরে বর্ণিত বিষয়সমূহ সম্বন্ধে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা এবং আগতব্যদের সার্বিক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ হজ্জ অফিস জেদ্দার জ্বালানী খাতে বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল।

২৯/১/২০২৬

(মোঃ জহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্জ)

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০২১.৪২ তারিখ: ২৩ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
২। অতিরিক্ত সচিব (হজ্জ), হজ্জ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (বাজেট ও অনুদান), বাজেট ও অনুদান অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
৫। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।
৬। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপসচিব (ওমরা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অফিস কপি।

২৩/০১/২০২৩

(মোঃ জহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্জ)